

21 জুলাই 2020

প্রিয় OSS কমিউনিটি

এগিয়ে চলার ভাবনা নিয়ে যখন আমরা 2020-2021 স্কুল বর্ষকে দেখি, তখন আপনার প্রতি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই আপনাদের নমনীয়তা এবং মানিয়ে-চলার ক্ষমতার জন্য, কারণ আমরা আপনাদের সহযোগীতাতেই সহজেই দূরবর্তী শিক্ষাতে চলে যেতে পেরেছি মার্চ মাস থেকে COVID-19 অতিমারীর সময়। এই পরিবর্তনের ফলে উদ্ভূত আপনাদের ও আপনার পরিবারবর্গের হতাশা ও সমস্যাগুলি আমরা বুঝতে পারছি, এবং এই সমগ্র চাড়াই-উৎরাইয়ে আপনাদের সময়মতো জানানোর গুরুত্ব আমরা বুঝি। সেই কারণে, আমার দল এবং আমি কাজ করে চলেছি এই গ্রীষ্মে যাতে আমাদের প্রক্রিয়াগুলি ও আচরণগুলিকে পুনর্নবিকরণ করা যায় যাতে আপনাদের সন্তানদের আরও সহায়তা করা যায়, সামনাসামনি, সম্পূর্ণ দূরবর্তীভাবে অথবা উভয়ের সমন্বয়ে এই ফল-এ। এতে অন্তর্ভুক্ত হবে আরও বেশি নিয়মিত যোগাযোগ এবং আরও বেশি সুযোগ, এই নতুন শিক্ষা পরিমণ্ডলে।

আমরা জানি এতে অনেকগুলি উত্তর না পাওয়া প্রশ্ন আছে, এবং আমরা তাদের সমাধান করব যখনই আমরা তেমন সক্ষম হয়ে উঠব। নিচে আমাদের থেকে সাম্প্রতিক আপডেটগুলি দেওয়া হল:

**1. ডিপার্টমেন্ট অফ এলিমেন্টারে অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন (DESE) প্রতিবন্ধকতা সহ শিক্ষার্থীদের জন্য ফল-এর নির্দেশিকা:** প্রথমত, যদি সকল শিক্ষার্থীদের জন্য পূর্ণ সময় সম্ভব না হয়, DESE ডিস্ট্রিক্টদের বলেছে প্রতিবন্ধকতাসহ শিক্ষার্থীদের সামনা-সামনি শিক্ষণের উপর জোর দিতে, বিশেষ করে প্রিন্সিপালের বয়স যেসব শিক্ষার্থীদের এবং যে সব শিক্ষার্থীদের উল্লেখযোগ্য ও জটিল প্রয়োজনীয়তা আছে। যদি পূর্ণ সময় না সম্ভব হয়, স্কুল ডিস্ট্রিক্টগুলিকে বলা হচ্ছে তাদের যথাসম্ভব সামনা-সামনি পরিসেবা প্রদান করতে আংশিক সময় হিসাবে, সেই প্রকারের শিক্ষার্থীদের জন্য যাদের উল্লেখযোগ্য ও জটিল প্রয়োজনীয়তা আছে (অর্থাৎ সংশ্লিষ্ট থেরাপিগুলি, ABA এবং সোশাল স্কিলস গ্রুপগুলি)। যদি কোনো পরিবার কেবলমাত্র দূরবর্তী বিকল্পটিই বেছে থাকেন, অথবা যদি রাজ্যব্যাপী বা স্থানীয় আদেশ হয় যে কেবলমাত্র দূরবর্তী ভাবে শিক্ষার্থীদের শিক্ষা নিতে হবে, তাহলে স্কুলগুলি ও ডিস্ট্রিক্টগুলিকে তৈরি হতে হবে যাতে তারা “নির্দেশ ও পরিসেবা” মোডে শিক্ষা প্রদান করতে পারবে যেমন শিক্ষার্থীর IEP বর্ণিত আছে।

**2. OSS পরিবার জরিপ:** আমরা এই সপ্তাহে সোমবারে একটি জরিপ পাঠিয়েছিলাম যাতে এই বসন্তে আপনার ও আপনার সন্তানের দূরবর্তী শিক্ষার অভিজ্ঞতা সম্পর্কে জানা যায়। আমরা জানি এই পরিবর্তন আপনাদের কাছে কতটা চ্যালেঞ্জিং ছিল, এবং আপনার ফিডব্যাক হল আমাদের ফল-এর পরিকল্পনা করার জন্য গুরুত্বপূর্ণ অংশ, যাতে আমরা সকল শিক্ষার্থীদের একটি দৃঢ় দূরবর্তী শিক্ষা সুযোগ দিতে পারি। অনুগ্রহ করে [এই সংক্ষিপ্ত জরিপটি](#) সম্পূর্ণ করুন সোমবার, 27 জুলাই-এর মধ্যে। যদি আপনি সাহায্যের প্রয়োজন হয়, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন [cps@cpsd.us](mailto:cps@cpsd.us) ঠিকানায় অথবা 617.349.6494 নম্বরে।

**3. মাসিক ভার্চুয়াল টাউন হলগুলি:** আমি ভার্চুয়াল টাউন হলের একটি মাসিক সিরিজ হোস্ট করব যা শুরু হবে বৃহস্পতিবার, 30শে জুলাই দুপুর 3:00টা। অনুগ্রহ করে যে কোনো প্রশ্ন জমা দিন যা আপনি চাইবেন যে আমরা আলোচনা করি [এখানে](#)। আমরা এই অনুষ্ঠানের অ্যাক্রেস লিংকের সাথে আরও বিবরণ প্রদান করব।

সহযোগীতায়,

ডঃ অ্যালেক্সিস মর্গ্যান

অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট, অফিস অফ স্টুডেন্ট সার্ভিসেস